

## রঘুনাথপুরের জট খুলতে রাজ্যের সহযোগিতা চান ডি ভি সি কর্তা

### দীপেন গুপ্ত

পুরুলিয়া, ৫ এপ্রিল— পুরুলিয়ার রঘুনাথপুরে নির্মায়মাণ ডি ভি সি-র কাজ চলছে নিজস্ব গতিতেই। তবে যে সমস্যাগুলি হচ্ছে, তাতে রাজ্য সরকারকে সহযোগিতা করা দরকার। এ বিষয়ে রাজ্য সরকারের সঙ্গে বৈঠকও হয়েছে। রবিবার পুরুলিয়ায় ডি ভি সি-র সাব স্টেশনে পরিদর্শনে এসে এমনই বললেন ডি ভি সি-র চেয়ারম্যান এ ডব্লু কে লাঙ্গস্টো। পুরুলিয়া মফসসল থানার বোঙাবাড়িতে অবস্থিত ওই সাব

স্টেশনের আধিকারিক আশিসকুমার গোস্বামী-সহ দপ্তরের আধিকারিকদের সঙ্গে নানা বিষয়ে কথা বলেন ডি ভি সি-র চেয়ারম্যান। ঘুরে দেখেন ওই সাব স্টেশন। ঝাড়খণ্ডের জামশেদপুর থেকে এদিন সকালে ওই সাব স্টেশন পরিদর্শনে আসেন তিনি। পরে সাংবাদিকদের বলেন, ডি ভি সি-র চেয়ারম্যান হওয়ার পর সমস্ত সাব স্টেশন পরিদর্শন করছি। ডি ভি সি-র কর্মকাণ্ড সম্পর্কে বলতে গিয়ে তিনি বলেন, আমরা সাধারণ মানুষের উন্নয়নে কাজ করে থাকি। যে-সব এলাকায় আমাদের প্রকল্প হয়, সেই

এলাকায় চারপাশ ঘিরে নানারকম কর্মসূচি নেওয়া হয়। তিনি বলেন, আমরা খুব কম টাকাতে বিদ্যুৎ দিয়ে থাকি, সে ক্ষেত্রে আরও বেশি সংখ্যায় যাতে গ্রাহক পাওয়া যায় সেদিকেও নজর দিতে হবে। প্রায় দিনই রঘুনাথপুরে নির্মায়মাণ প্রকল্পে সমস্যা প্রসঙ্গে তিনি বলেন, রাজ্যের মন্ত্রীর সঙ্গে কথা হয়েছে, যাতে সমস্যাগুলির সমাধান হয়। কারণ ওটা জাতীয় প্রকল্প। এ ক্ষেত্রে সমস্যা সমাধানে রাজ্য সরকারের ভূমিকা বিশেষ করে থাকা দরকার। প্রথম ইউনিটের কাজ শেষ হয়েছে।